অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ব্রঙ্কসে গভর্নর হোকলের $48 মিলিয়ন ডলারের সহায়তামূলক আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

দ্যা ব্রিজ-এর পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস ভেটেরান, গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তি ও বয়স্কদের জন্য 69টি সহায়তামূলক আবাসিক ইউনিট প্রদান করবে

স্টেটের গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি; এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ এই উন্নয়নকাজে সহায়তা করছে

গভর্নর ক্যাথি হোকল আজ ব্রঙ্কসে 47.9 মিলিয়ন ডলারের সহায়তামূলক ও সাশ্রয়ী আবাসন কমপ্লেক্সের নির্মাণকাজ সমাপ্ত হয়েছে বলে ঘোষণা করেছেন যেটি গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তি, প্রতিবন্ধী ভেটেরান, ও বয়স্ক ব্যক্তি সহ গুরুতর গৃহহীন অবস্থার সম্মুখীন ব্যক্তিদেরকে সেবা প্রদান করবে। গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে বরাদ্দকৃত 6.5 মিলিয়ন ডলার সহায়তাপ্রাপ্ত এই পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে অর্থায়নকৃত সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 69টি ইউনিট সহ 115 ইউনিট সাশ্রয়ী বাসস্থান প্রদান করছে।

"সিটিতে গৃহহীন অবস্থার সম্মুখীন হওয়া অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী প্রায় ক্ষেত্রেই এমন একাধিক সমস্যার মোকাবেলা করছেন যেগুলো তাদের আবাসনের অস্থিতিশীল অবস্থার ক্ষেত্রে ভূমিকা রাখছে," **বলেছেন গভর্নর হোকল।** "আবাসন প্রদান করার মাধ্যমে এবং নিউ ইয়র্কবাসীদেরকে স্বনির্ভর পরিবেশে জীবন যাপনের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তামূলক পরিষেবাগুলো পৌঁছে দিয়ে সাহায্য করার মাধ্যমে গৃহহীনতা নির্মূল করার জন্য পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস এর মতো প্রকল্পগুলো অপরিহার্য।"

এই প্রকল্পের পৃষ্ঠপোষক, দ্যা ব্রিজ, দুর্বল বা প্রতিবন্ধী বয়স্ক ব্যক্তিদের জন্য 23টি ইউনিট, প্রতিবন্ধী ভেটেরানদের জন্য 23টি ইউনিট, এবং মানসিক সমস্যা রয়েছে এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য 23টি ইউনিট সংরক্ষিত রেখেছে। অবশিষ্ট 45টি অ্যাপার্টমেন্ট কমিউনিটির নিম্ন-আয়ের পরিবার ও প্রবীণদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

এই উন্নয়ন কাজের মধ্যে গরম করার কিচেন সহ বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের জন্য একটি রুম, লন্ড্রি রুম, কম্পিউটার ল্যাব, খেলার রুম এবং একটি কমিউনিটি বাগান ও হাঁটার পথ সহ ঘরের

বাইরে চিত্তবিনোদনের জায়গা অন্তর্ভুক্ত রয়েছে। সাত তলাবিশিষ্ট এই ভবনটি ব্রঙ্কসের ক্লেয়ারমন্ট ভিলেজ এলাকায় একটি খালি জায়গার উপরে নির্মিত হয়েছে।

পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টসের ছবি দেখুন।

স্টেটের সাময়িক সহায়তা অধিদপ্তর (Office of Temporary Assistance) কর্তৃক বরাদ্দকৃত গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি এই প্রকল্পের জন্য 6.5 মিলিয়ন ডলার প্রদান করেছে। স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে সহায়তামূলক আবাসন ইউনিটগুলোর জন্য পরিষেবা ও ভাড়া বাবদ 1.7 মিলিয়ন ডলারের বার্ষিক অনুদান এবং মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের বসবাসের জন্য নির্ধারিত 23টি অ্যাপার্টমেন্টের জন্য কর্মসূচি উন্নয়ন তহবিলের অর্থায়ন হিসেবে আরো 195,500 ডলার প্রদান করছে।

নিউ ইয়র্কের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) 6.5 মিলিয়ন ডলারের করমুক্ত বন্ড, এটির নিউ ইয়র্ক সিটি 100 শতাংশ সাশ্রয়ী কর্মসূচির মাধ্যমে 7 মিলিয়ন ডলার, এবং নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের কর ক্রেডিট যা উন্নয়ন কাজের জন্য 17.7 মিলিয়ন ডলার তৈরি করবে, এসবের মাধ্যমে এই প্রকল্পে অর্থায়ন করেছে। এছাড়াও নিউ ইয়র্ক সিটির আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Department of Housing Preservation and Development) 7.4 মিলিয়ন ডলার অর্থায়ন করেছে।

সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন, "পার্ক এভিনিউ এর মতো উন্নয়ন প্রকল্পগুলো নিউ ইয়র্ক স্টেটে গৃহহীনতার সমস্যা মোকাবেলায় আমাদের প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে থাকে কারণ সেগুলো অরক্ষিত অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীরা তাদের আবাসনের অনিরাপত্তার জন্য দায়ী সমস্যাগুলো মোকাবেলার জন্য তারা নির্ভর করতে পারেন এমন স্থিতিশীল আবাসন ও পরিষেবা, উভয়টি প্রদান করে থাকে। গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের প্রয়োজন মোকাবেলায় আমাদের প্রচেষ্টার জন্য অতি গুরুত্বপূর্ণ এটির মতো ও অন্যান্য প্রকল্পগুলোর জন্য তার অব্যাহত সহায়তার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, "সব নিউ ইয়র্কবাসীর একটি ভালো বাড়িতে থাকার মর্যাদা ও নিরাপত্তা লাভের অধিকার রয়েছে। দ্যা ব্রিজ এবং আমাদের স্টেট ও স্থানীয় পর্যায়ের অংশীদারদের কল্যাণে, পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস ব্যক্তিদের এক জায়গায় নিরাপদে বেড়ে উঠতে সাহায্য করে এমন জরুরি পরিষেবাগুলো প্রদান করবে এবং আবাসনের অনিরাপত্তার প্যাটার্ন ভেঙ্গে দিবে। 115টি অ্যাপার্টমেন্ট নিয়ে এটি ক্লেয়ারমন্ট ভিলেজের জন্য একটি রূপান্তরমূলক উন্নয়ন প্রকল্প যার লক্ষ্য হলো ব্রঙ্কসকে এমন একটি জায়গা হিসেবে বজায় রাখার বিষয়টি নিশ্চিত করা যেখানে প্রত্যেকে -বিশেষ করে আমাদের দেশকে সম্মানের সাথে সেবা প্রদান করা সেসব সেবক পুরুষ ও মহিলা, জীবনযাপন করার ও সমৃদ্ধি লাভ করার সুযোগ পাবেন।"

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস ইতোপূর্বে খালি পড়ে থাকা একটি জায়গাকে অরক্ষিত ও গৃহহীন নিউ ইয়র্কবাসীদের জন্য একটি উষ্ণ ও স্থিতিশীল আবাসনে পরিণত করেছে। এসব সহায়তামূলক আবাসিক ইউনিট মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের নিজেদের বাড়িতে স্বনির্ভরভাবে জীবনযাপনের জন্য প্রয়োজনীয় পরিষেবা ও সহায়তা প্রদান করবে। এসব বাড়ি নির্মাণের ক্ষেত্রে OMH-এর পালন করা ভূমিকা নিয়ে আমি গর্বিত, এবং মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের সহায়তা ও আশা প্রদান করার জন্য তার অঙ্গীকারের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

ব্রিজ-এর CEO সুজান উইভিয়েট বলেন, "কোভিডের সময়ে এই নতুন ভবনটি চালু করতে পেরে এবং এই খালি জায়গাটিকে বাসিন্দাদের ও আশেপাশের কমিউনিটির জন্য একটি উষ্ণ, নিরাপদ, ও সুরক্ষিত পরিবেশে রূপান্তর করতে পেরে আমরা গর্বিত। আমরা আমাদের সরকারি তহবিলদাতাদের প্রতি এবং উন্নয়ন কাজের অংশীদারদের প্রতি এবং দ্যা ব্রিজ-এর পরিচালনা বোর্ডের প্রতি এবং এসবের কোনো কিছুই যাদের ছাড়া সম্ভব হতো না সেসব কর্মীদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। এছাড়াও আমরা সিটিজুড়ে সহায়তামূলক ও সাশ্রয়ী আবাসনের প্রচণ্ড চাহিদার বিষয়টি স্বীকার করি এবং অরক্ষিত নিউ ইয়র্কবাসীদের জন্য আরো বেশি আবাসন তৈরি করার জন্য সিটি ও স্টেটের অঙ্গীকারাবদ্ধতার প্রশংসা করি।"

সিটির আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগের কমিশনার লুইস ক্যারল বলেন, "মেয়রের আবাসন পরিকল্পনার শুরু থেকেই, নিউ ইয়র্ক সিটি এটির সবচেয়ে অরক্ষিত বাসিন্দাদের জন্য আবাসনের সুযোগ তৈরি করতে সম্ভাব্য সব সরঞ্জাম ব্যবহার করে আসছে। 3500 পার্ক অ্যাপার্টমেন্টস সত্যিকার অর্থেই আমাদের প্রবীণদের, গৃহহীনতার সাথে লড়াই করে যাওয়া ব্যক্তিদের, এবং সহায়তামূলক পরিষেবার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের জন্য তাদেরকে নিজের পায়ে দাঁড়াতে এবং এক জায়গায় থেকে বেড়ে উঠতে সাহায্য করবে এমন একটি সুন্দর, মানসম্মত, সাশ্রয়ী বাড়ি নিশ্চিত করার জন্য সিটির উচ্চ মানদণ্ডের দৃষ্টান্তস্বরূপ। এই 115টি নতুন সাশ্রয়ী, সহায়তামূলক বাড়ি তৈরির জন্য স্টেটের সাথে ও দ্যা ব্রিজ-এর সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত।"

সিনেটর লুইস সেপালবেডা বলেন, "সাশ্রয়ী আবাসন তৈরি করা এবং সহায়তামূলক পরিষেবা প্রদান করার মাধ্যমে, আমরা আমাদের কমিউনিটিতে গৃহহীনতা বিদ্যমান থাকার অনেকগুলো মূল কারণ মোকাবেলা শুরু করতে পারি। পার্ক এভিনিউ অ্যাপার্টমেন্টস ক্লেয়ারমন্ট ভিলেজ এলাকায় এসব বাড়ি ও এই সহায়তা প্রদান করবে, যা এই এলাকায় আবাসনের অনিরাপত্তা মোকাবেলায় সাহায্য করার পাশাপাশি আমাদের মধ্যে সবচেয়ে অরক্ষিত ব্যক্তিদের জন্য বাড়ির ব্যবস্থাও করবে। আবাসনের অনিরাপত্তার বিষয়টিকে তার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা অব্যাহত রাখায় এবং আমাদের কমিউনিটিগুলোতে এটির মতো উন্নয়ন প্রকল্পগুলোকে বাস্তবরূপ দিতে সাহায্য করায় তার নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

অ্যাসেম্বলিওমেন শ্যান্টেল জ্যাকসন বলেন, "আমাদের সবচেয়ে অরক্ষিত ব্যক্তিদের কিছু অংশের জন্য আবাসনের ব্যবস্থা করাটা ব্রঙ্কস-ভিত্তিক সাশ্রয়ী উন্নয়ন প্রকল্প, পার্ক এভিনিউ

অ্যাপার্টমেন্টস সহায়তামূলক আবাসন উদ্যোগের কাজ সমাপ্ত হওয়া উদযাপনে আমি অত্যন্ত সন্তুষ্টি নিয়ে গভর্নর হোকলের সাথে যোগ দিচ্ছি। আমাদের কমিউনিটিতে প্রান্তিকতার শিকার হওয়া ব্যক্তিদের সুরক্ষিত রাখা ও সহায়তা করা আমাদের কর্তব্য এবং এই উন্নয়ন কাজটি সেদিকেই এগিয়ে যাওয়ার একটি পদক্ষেপ। আমি এই প্রচেষ্টার সাথে সম্পৃক্ত সব সংস্থাকে ধন্যবাদ জানাতে চাই, আমি অদূর ভবিষ্যতে এধরনের আরো অনেক প্রকল্প সম্পন্ন হতে দেখার আশা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418